গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।

স্মরক নং-স্বাঃ অধিঃ/হাসঃ/করোনা/বিবিধ-২(অংশ-১)/২০২০/ ৮১২ তারিখঃ ০৮/০৯/২০২০খ্রিঃ

বরাবর
পরিচালক (ভান্ডার ও সরবরাহ)
কেন্দ্রীয় ঔষধাগার
তেজগাঁও, ঢাকা।

বিষয়ঃ পিসিআর ল্যাব স্থাপন, ২(দুই) টি এ্যাম্বুলেন্স এবং ১০টি ভেন্টিলেটর সরবরাহ প্রসংগে।

সূত্রঃ নং-৪৫.০০.৬৮০৭.১৫৫.০৭.০০১(অংশ)-৪৪৮ তারিখ ১৬/০৬/২০২০খ্রিঃ

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চকোরিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে RT-PCR ল্যাব স্থাপনের প্রয়োজনীয় যন্ত্রপাতি (RT-PCR মেশিন ও বায়োসেফটি কেবিনেট লেভেল -11) এবং কক্সবাজার ২৫০ শয্যা বিশিষ্ট জেলা সদর হাসপাতাল ০২ টি এ্যাম্বুলেন্স ও ১০টি ভেন্টিলেটর সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন আছে।

৮/৯/২০

(ডাঃ মোঃ আমিনুল হাসান)
পরিচালক(হাসপাতাল ও ক্লিনিক সমূহ)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
ফোন নং-০২-৫৫০৬৭১৫০ ,ফ্যাক্সঃ ০২-৫৫০৬৭১৫১
Email: directorhospital@ld.dghs.gov.bd

স্মরক নং-স্বাঃ অধিঃ/হাসঃ/করোনা/বিবিধ-২(অংশ-১)/২০২০/ তারিখঃ

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃঃ আঃ সহকারী পরিচালক(সমন্বয়)।
২। উপসচিব, সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা শাখা-১শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(ডাঃ মোঃ আমিনুল হাসান)
পরিচালক(হাসপাতাল ও ক্লিনিক সমূহ)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

স্মারক নং-৪৫.০০.৬৮০৭.১৫৫.০৭.০০১.১৭(অংশ)- ৪৪৬ তারিখঃ ১৬-০৬-২০২০ খ্রিঃ

বিষয়ঃ পিসিআর ল্যাব স্থাপন, ২ (দুই) টি এ্যাম্বুলেন্স এবং ১০ টি ভেন্টিলেটর সরবরাহ প্রসংগে।

সূত্রঃ ১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগের ০৪-০৬-২০২০ তারিখের ৪৮নং ডি.ও পত্র।
২। সিভিল সার্জন, কক্সবাজারের ০৮-০৬-২০২০ তারিখের ৮৮৩৪ সংখ্যকপত্র।
৩। সিভিল সার্জন, কক্সবাজাররের ০৮-০৬-২০২০ তারিখের ৮৮১৩ সংখ্যকপত্র।
৪। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যাবিশিষ্ট জেলা সদর হাসপাতাল, কক্সবাজারের ০৮-০৬-২০২০ তারিখের ১৩৬৯ সংখ্যকপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রসমূহের ছায়ালিপি এসাথে প্রেরণ করা হলো। প্রেরিত পত্রসমূহের চাহিদার আলোকে কক্সবাজার জেলায় কোভিড-১৯ আক্রান্ত রোগীদের দুর্ভোগ লাগবের জন্য চকোরিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে অথবা মালুমঘাটা খ্রীষ্টান মেমোরিয়াল হাসপাতালে একটি পিসিআর ল্যাব স্থাপন, রোগী পরিবহনের জন্য অত্যাধুনিক সুযোগ সুবিধাসহ ২(দুই)টি এ্যাম্বুলেন্স এবং ২৫০ শয্যাবিশিষ্ট জেলা সদর হাসপাতাল, কক্সবাজারে ১০(দশ) টি ভেন্টিলেটর সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ০৪ (চার) পাতা।

১৬/০৬/২০২০
(ড. বিলকিস বেগম)
উপসচিব
ফোনঃ ৯৫৫৬৯৯৭৯

মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একন্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩। পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪। সিভিল সার্জন, কক্সবাজার।
৫। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যাবিশিষ্ট জেলা সদর হাসপাতাল, কক্সবাজার।
৬। অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ।

D:\from E\Koruna Virus\Letter.doc

হেলালুদ্দীন আহমদ
সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ডি.ও. নং- ৪৬.০০.০০০০.০১১.২০.০০২.২০২০-৪৮

তারিখ : ৪ জুন, ২০২০খ্রি.

প্রিয় মহোদয়,
সালাম নিবেন।

আপনি নিশ্চয় অবগত আছেন যে, প্রধানমন্ত্রীর কার্যালয়ের ২০ এপ্রিল, ২০২০খ্রি তারিখের ০৩.০০.২৬৯০.০৮২.৪৬. ০১৩.২০২০-১৮৮ সংখ্যক অফিস আদেশ মোতাবেক COVID-19 প্রতিরোধ ও ক্ষতিগ্রস্তদের মাঝে জেলা পর্যায়ে চলমান ত্রাণ কার্যক্রম সমন্বয়ের লক্ষ্যে নিম্নস্বাক্ষরকারীকে কক্সবাজার জেলার দায়িত্ব প্রদান করা হয়েছে।

কক্সবাজার জেলার ৮টি উপজেলা, রোহিঙ্গা ক্যাম্পের অধিবাসি, বান্দরবান জেলার ৭টি উপজেলা ও চট্টগ্রাম জেলার ২টি উপজেলা (সাতকানিয়া ও লোহাগড়া) করোনা ভাইরাস পরীক্ষা কক্সবাজার সরকারি মেডিকেল কলেজে হয়ে থাকে।

কক্সবাজার জেলার ২০ লক্ষ, রোহিঙ্গা প্রায় ১১ লক্ষ, বান্দরবান জেলার ৭ লক্ষ ও লোহাগড়া-সাতকানিয়া উপজেলার প্রায় ৬ লক্ষ লোক সহ প্রায় ৪০ লক্ষ লোকের করোনা ভাইরাস পরীক্ষা কক্সবাজার মেডিকেল কলেজ ১টি মাত্র ল্যাবে সম্পাদন করা হচ্ছে। এতে রিপোর্ট পেতে ৬-৭ দিন লাগে। রিপোর্ট পেতে পেতে অনেক রোগী মৃত্যেবরণ করেছে।

কক্সবাজার ও রোহিঙ্গা ক্যাম্পে দিন দিন COVID-19 রোগীর সংখ্যা বেড়ে চলেছে। গত ০৩/০৬/২০২০ পর্যন্ত রোগীর সংখ্যা ৮৬৯ জন। মৃত্যে বরণ করে ১৮ জন।

ইতোমধ্যে আমার অনুরোধে জাতিসংঘ (UNHCR) আরো ১টি PCR মেশিন কক্সবাজার ল্যাবে স্থাপন করেছে। ফলে দৈনিক ৫০০ পর্যন্ত পরীক্ষা করা সম্ভব হচ্ছে।

সার্বিক বিবেচনা করে কক্সবাজার জেলার চকোরিয়া, পেকুয়া, কুতুবদিয়া ও মহেশখালী, বান্দরবান জেলার (নাইক্ষ্যংছড়ি উপজেলা ব্যতিত) অন্য সব উপজেলা, চট্টগ্রাম জেলার লোহাগড়া, সাতকানিয়া উপজেলার জন্য চকোরিয়ায় আলাদা একটি PCR ল্যাব স্থাপন করা হলে এলাকার জনগণ উপকৃত হবে। তাই জনগণের সুবিধার্থে কক্সবাজার মেডিকেল হাসপাতালের COVID-19 পরীক্ষার রোগীর চাপ কমাতে এবং সেবার মান বৃদ্ধি করতে কক্সবাজার জেলার চকরিয়া উপজেলা হাসপাতালে অথবা মালুমঘাটা খ্রীষ্টান মেমোরিয়াল হাসপাতালে আরও একটি পিসিআর ল্যাব মেশিন জরুরীভিত্তিতে স্থাপন করলে জনগণের দুর্ভোগ লাঘব হবে বলে আমি বিশ্বাস করি।

এমতাবস্থায়, কক্সবাজার জেলার চকোরিয়া উপজেলা হাসপাতাল অথবা মালুমঘাটা খ্রীষ্টান মেমোরিয়াল হাসপাতালে একটি COVID-19 পরীক্ষার নিমিত্ত জরুরীভিত্তিতে আরও একটি পিসিআর ল্যাব স্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করছি।

হেলালুদ্দীন আহমদ
সিনিয়র সচিব

জনাব মোঃ আবদুল মান্নান
সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ভবন নং ০৭, কক্ষ নং ৬০২ (৭ম তলা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
মোবাইল : +৮৮ ০১৭১১ ৪৬৮১০৪, ফোন : +৮৮-০২-৯৫১৪৪৭৮, ফ্যাক্স : +৮৮-০২-৯৫৭৫৫৭৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জনের কার্যালয়
কক্সবাজার
ফোনঃ ০৩৪১-৬৩৭৬৮, ফ্যাক্সঃ ০৩৪১-৬৩৭৬৮
Email:coxsbazar@cs.dghs.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারকনংঃ-সিএস/কক্স/প্রশাঃ/করোনা ভাইরাস/২০২০/ 6668

তারিখঃ 06/06/2020

বরাবর,

সচিব,
স্বাস্থ্য সেবা বিভাগ,
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

দৃষ্টি আকর্ষণ-অতিরিক্ত সচিব(হাসপাতাল)।

বিষয়ঃ কক্সবাজার জেলায় করোনা ভাইরাস(COVID-19) আক্রান্ত/সংক্রমিত রোগী পরিবহণের জন্য ২(দুই)টি অত্যাধুনিক সুযোগ-সুবিধা সম্পন্ন বিশেষ এ্যাম্বুলেন্স বরাদ্দ প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চলমান করোনা ভাইরাস (COVID-19) সংক্রমণ পরিস্থিতি মোকাবেলায় কক্সবাজার জেলায় স্থানীয় জেলা প্রশাসনের সহযোগিতায় জেলা স্বাস্থ্য বিভাগ স্থানীয় জনগোষ্ঠী সহ বলপ্রয়োগে বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের চিকিৎসা সেবা প্রদান করে আসছে। স্থানীয় জনগোষ্ঠী ব্যতীত কক্সবাজার জেলায় প্রায় ১০ লক্ষাধিক বলপ্রয়োগে বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিক অবস্থান করছে। এ কারণে কক্সবাজার একটি ঝুঁকিপূর্ণ এলাকা। তাছাড়া এ সকল রোহিঙ্গা জনগোষ্ঠীর স্বাস্থ্য সেবায় ও অন্যান্য কাজে নিয়োজিত দেশী-বিদেশী এনজিও তে কার্যরত প্রচুর বিদেশী নাগরিক এ জেলায় অবস্থান করছে। ফলে সার্বিক বিবেচনায় এ জেলার স্বাস্থ্য বিভাগকে প্রতিনিয়ত ভিন্ন একটি চ্যালেঞ্জ মোকাবেলা করতে হয়।

কক্সবাজার জেলায় বর্তমানে করোনা ভাইরাস (COVID-19) আক্রান্ত রোগী উদ্বেগজনক হারে বৃদ্ধি পাচ্ছে। করোনা ভাইরাস (COVID-19) আক্রান্ত/সংক্রমিত রোগীদের চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে ডেডিকেটেড হাসপাতাল সহ উন্নত চিকিৎসার জন্য চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করা হয়ে থাকে। করোনা ভাইরাস (COVID-19) আক্রান্ত/সংক্রমিত রোগীদের অন্যত্র পরিবহনের জন্য কক্সবাজার ২৫০ শয্যা জেলা সদর হাসপাতালের একমাত্র সাধারণ এ্যাম্বুলেন্স উপর নির্ভর করতে হয়। এ সব রোগী পরিবহনের জন্য নিম্নস্বাক্ষরকারীর নিয়ন্ত্রনাধীন কোন এ্যাম্বুলেন্স না থাকায় এ্যাম্বুলেন্স সার্ভিস প্রদানে নিম্নস্বাক্ষরকারীকে বিব্রতকর পরিস্থিতির শিকার হতে হয়। সার্বিক বিবেচনায় নিম্নস্বাক্ষরকারীর নিয়ন্ত্রনাধীন অত্যাধুনিক সুযোগ-সুবিধা সম্পন্ন ২(দুই) টি বিশেষ এ্যাম্বুলেন্স অতীব প্রয়োজন।

এমতাবস্থায়,ঝুঁকিপূর্ণ কক্সবাজার এর সামগ্রিক স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণের জন্য কক্সবাজার জেলায়/নিম্নস্বাক্ষরকারী নিয়ন্ত্রণাধীণ গাড়ী চালক ও ফুয়েল বরাদ্দ সহ অত্যাধুনিক সুযোগ-সুবিধা সম্পন্ন ২(দুই)টি বিশেষ এ্যাম্বুলেন্স জরুরী ভিত্তিতে বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে সবিনয় অনুরোধ করা হলো।

06.06.2020

(ডাঃ মোঃ মাহবুবুর রহমান)
সিভিল সার্জন
কক্সবাজার।

স্মারকনংঃ-সিএস/কক্স/প্রশাঃ/করোনা ভাইরাস/২০২০/

তারিখঃ ....

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (পদমর্যাদার ক্রমানুসারে নহে) ঃ

১। মাননীয় সংসদ সদস্য,কক্সবাজার-১,কক্সবাজার-২,কক্সবাজার-৩,কক্সবাজার-৪।
২। সিনিয়র সচিব,স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৩। মহাপরিচালক,স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা-১২১২। দৃষ্টি আকর্ষণ-সহকারী পরিচালক (সমন্বয়)।
৪। পরিচালক (হাসপাতাল),স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা-১২১২।
৫। পরিচালক (স্বাস্থ্য),চট্টগ্রাম বিভাগ,চট্টগ্রাম।
৬। জেলা প্রশাসক,কক্সবাজার।
৭। পুলিশ সুপার,কক্সবাজার।

(ডাঃ মোঃ মাহবুবুর রহমান)
সিভিল সার্জন
কক্সবাজার।

২৪০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জনের কার্যালয়
কক্সবাজার
ফোনঃ ০৩৪১-৬৩৭৬৮, ফ্যাক্সঃ ০৩৪১-৬৩৭৬৮
Email:coxsbazar@cs.dghs.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারকনংঃ-সিএস/কক্স/প্রশাঃ/করোনা ভাইরাস/২০২০/ ৬৮৯৬

তারিখঃ 06/04/2020

বরাবর,

পরিচালক(স্বাস্থ্য)
চট্টগ্রাম বিভাগ
চট্টগ্রাম।

বিষয়ঃ করোনা ভাইরাস (COVID-19) রোগীর নমুনা পরীক্ষা প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, কক্সবাজার মেডিকেল কলেজে স্বাস্থ্য অধিদপ্তরাধীন আইইডিসিআর এর অধীনে পি সি আর ল্যাব স্থাপন করা হয়। উক্ত ল্যাবে কক্সবাজার জেলাধীন ৮(আট)টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স,কক্সবাজার ২৫০ শয্যা জেলা সদর হাসপাতাল ও কক্সবাজার পৌরসভা,বান্দরবান জেলাধীন নাইক্ষ্যংছড়ি, বান্দরবান সদর,থানচি ও রুমা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এবং চট্টগ্রাম জেলাধীন সাতকানিয়া ও লোহাগাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স কর্তৃক সংগৃহীত করোনা ভাইরাস (COVID-19) রোগীর নমুনা বিগত ০২/০৪/২০২০ইং তারিখ হতে পরীক্ষা করা হচ্ছে। কক্সবাজার মেডিকেল কলেজের মাইক্রোবায়োলজি ও প্যাথলজি বিভাগে পর্যাপ্ত পরিমাণে জনবল না থাকায় বর্ণিত স্বাস্থ্য প্রতিষ্ঠান কর্তৃক সংগৃহীত করোনা ভাইরাস (COVID-19) রোগীর নমুনা পরীক্ষা করা দুরুহ হয়ে পড়েছে। ফলে করোনা ভাইরাস (COVID-19) রোগীর নমুনা পরীক্ষায় বিলম্বিত হচ্ছে এবং করোনা ভাইরাস (COVID-19) রোগীর নমুনা পরীক্ষার প্রতিবেদন যথাসময়ে রোগীর নিকট বা সংশ্লিষ্ট স্বাস্থ্য প্রতিষ্ঠানে প্রেরণ করা সম্ভব হচ্ছে না। উল্লেখ্য যে, বর্তমানে ২০০০(দুই হাজার) এর অধিক করোনা ভাইরাস (COVID-19) রোগীর নমুনা কক্সবাজার মেডিকেল কলেজের পিসিআর ল্যাবে সংরক্ষিত আছে।

এমতবাস্থায় চট্টগ্রাম জেলাধীন সাতকানিয়া ও লোহাগাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স কর্তৃক সংগৃহীত করোনা ভাইরাস (COVID-19) রোগীর নমুনার পরীক্ষা অন্যত্র ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয় কে বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিষয়টি জনস্বার্থে অতীব জরুরী।

06.06.2020

(ডাঃ মোঃ মাহবুবুর রহমান)
সিভিল সার্জন
কক্সবাজার।

06/04/2020

স্মারকনংঃ-সিএস/কক্স/প্রশাঃ/করোনা ভাইরাস/২০২০/ তারিখঃ ....

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (পদমর্যাদার ক্রমানুসারে নহে) ঃ

১। সিনিয়র সচিব,স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। সচিব,স্বাস্থ্য সেবা বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা। দৃষ্টি আকর্ষণ-সচিব মহোদয়ের একান্ত সচিব।
৩। মহাপরিচালক,স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা-১২১২। দৃষ্টি আকর্ষণ-সহকারী পরিচালক (সমন্বয়)।
৪। পরিচালক (প্রশাসন),স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা-১২১২।
৫। পরিচালক (হাসপাতাল),স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা-১২১২।
৬। পরিচালক,আইইডিসিআর,স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা-১২১২।
৭। অধ্যক্ষ,কক্সবাজার মেডিকেল কলেজ,কক্সবাজার।
৮। জেলা প্রশাসক,কক্সবাজার।
৯। তত্ত্বাবধায়ক,২৫০ শয্যা জেলা সদর হাসপাতাল,কক্সবাজার।
১০। পুলিশ সুপার,কক্সবাজার।
১১। সিভিল সার্জন,চট্টগ্রাম/বান্দরবান পার্বত্য জেলা।

(ডাঃ মোঃ মাহবুবুর রহমান)
সিভিল সার্জন
কক্সবাজার।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তত্ত্বাবধায়কের কার্যালয়
২৫০ শয্যা জেলা সদর হাসপাতাল
কক্সবাজার।
Email: coxsbazar@hospi.dghs.gov.bd

উন্নয়নেরগণতন্ত্র
শেখহাসিনারমূলমন্ত্র।

স্মারকনং-সুপার/কক্স/হাসপাতাল/কোভিড-১৯/২০১৯-২০২০/ ১৬৬৭

তারিখঃ- ০৪/০৬/২০২০

বরাবর

সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব (হাসপাতাল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়।

বিষয়ঃ- ২৫০ শয্যা জেলা সদর হাসপাতাল, কক্সবাজারের ICU/HDU-এর জন্য Ventilator এর চাহিদা পত্র প্রেরণ প্রসংগে।

উল্লেখিত বিষয়ের প্রেক্ষিতে আপনাকে জানানো যাইতেছে যে, করোনা ভাইরাস (COVID-19) সংক্রমন, নিয়ন্ত্রন ও প্রতিরোধে ২৫০ শয্যা জেলা সদর হাসপাতাল, কক্সবাজারের ICU/HDU-এর জন্য নিম্নেলিখিত পরিমাণে Ventilator সরবরাহ হরা প্রয়োজন।

চাহিদা নিম্নরূপঃ

ক্রমিক নং	বিবরণ	চাহিদার পরিমাণ	মন্তব্য
01	Ventilator	10	

অত্র হাসপাতালে করোনা ভাইরাস (COVID-19) রোগী দিন দিন বেড়ে যাওয়ায় উপুরোল্লেখিত পরিমাণে Ventilator সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

৪.৬.২০
(ডাঃ মোহাম্মদ মহিউদ্দিন)
তত্ত্বাবধায়ক ও উপপরিচালক
২৫০ শয্যা জেলা সদর হাসপাতাল
কক্সবাজার।

স্মারকনং-সুপার/কক্স/হাসপাতাল/কোভিড-১৯/২০১৯-২০২০/

তারিখঃ- ৪.৬.২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো-
১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ সহকারী পরিচালক (সমন্বয়)।
৩। পরিচালক (স্বাস্থ্য), চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪। সিভিল সার্জন, কক্সবাজার।
৫। অফিস নথি।

(ডাঃ মোহাম্মদ মহিউদ্দিন)
তত্ত্বাবধায়ক ও উপপরিচালক
২৫০ শয্যা জেলা সদর হাসপাতাল
কক্সবাজার।

স্থানীয় সরকার বিভাগ
সিনিয়র সচিবের দপ্তর

১) অতিরিক্ত সচিব ২) মহাপরিচালক ৩) যুগ্ম-সচিব ৪) যুগ্ম-প্রধান	১) প্রশাসন ২) উপজেলা অধিশাখা ৩) উন্নয়ন ৪) নগর উন্নয়ন ৫) পাস ৬) আইন
ডাইরি নম্বরঃ.....................	স্বাক্ষর